

রেজিস্ট্রার দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ

ফোন: ৯৫৩৪২৫৫, ৯৫৭৩৮৭৯

তারিখ: ০৬ ফেব্রুয়ারি, ২০২০

জবি/প্রশা/একা(বৃত্তি)-৩৪(৫)/২০১০/২২২

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: দেশের বিভিন্ন শিক্ষাবোর্ড থেকে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের জরুরী ভিত্তিতে ওয়েব সাইটের মাধ্যমে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: জবি/প্রশা/একা(বৃত্তি)-৩৪(৫)/২০১০/১৪৯, তারিখ: ২১/০১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, বিগত ২১/০১/২০২০ তারিখে ২০১৯ সাল এবং পূর্ববর্তী বছরে বিভিন্ন শিক্ষাবোর্ড কর্তৃক বোর্ড বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নির্ধারিত ফরমে তথ্যাদি তিন কার্য দিবসের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু কয়েকটি বিভাগ হতে অদ্যাবধি তথ্যাদি পাওয়া যায়নি। তাছাড়া নির্ধারিত ফরমে শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত তথ্যাদি যে সকল বিভাগ প্রেরণ করেছেন তা অসম্পূর্ণ এবং সঠিকভাবে পূরণ করা হয়নি।


অসম্পূর্ণ তথ্যাদি নিম্নরূপ:

১. HSC/সমমানের পরিবর্তে SSC/সমমানের রোল ও রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা;
২. ব্যাংক একাউন্ট নম্বর, শাখা এবং ব্যাংকের নাম না দেয়া বা না থাকা;
৩. পিতা-মাতার NID নম্বর প্রদান না করা;
৪. বৃত্তির ক্যাটাগরি (মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তি) না দেয়া;
৫. শিক্ষাবোর্ড, HSC/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও EIIN উল্লেখ না করা;
৬. শিক্ষার্থীর মোবাইল নম্বর না দেয়া ইত্যাদি।

এ সকল কারনে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তিতে অসুবিধা হবে। তাই সঠিকভাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে তথ্যাদি প্রেরণের জন্য দেশের বিভিন্ন শিক্ষাবোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে scholarship.jnu.ac.bd ওয়েব সাইটটি চালু করা হয়েছে। আগামী ১৬/০২/২০২০ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের তথ্যাদি পূরণ করার জন্য scholarship.jnu.ac.bd ওয়েব সাইটটি খোলা থাকবে এবং তথ্যাদি পূরণ করে Submit করতে হবে। একজন শিক্ষার্থী একবারই Submit করার সুযোগ পাবে। তাই নির্ভুলভাবে ফরমটি ফিলাপ করতে হবে। ওয়েব সাইটের মাধ্যমে ফরম ফিলাপে অসুবিধা হলে বৃত্তি শাখায় যোগাযোগ করা যেতে পারে।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে ওয়েব সাইটের মাধ্যমে তথ্যাদি সঠিকভাবে প্রেরণে ব্যর্থ হলে শিক্ষাবোর্ডসমূহ হতে মেধা/সাধারণ বৃত্তির অর্থ প্রাপ্তির বিষয়ে বিশ্ববিদ্যালয় কোন প্রকার দায়ভার বহন করবে না।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে অবগত ও নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রদর্শনের জন্য ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যান মহোদয়গণকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।



(প্রকৌশল মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

তারিখ: ০৬ ফেব্রুয়ারি, ২০২০

জবি/প্রশা/একা(বৃত্তি)-৩৪(৫)/২০১০/২২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১-৬. ডীন, সকল অনুষদ, জবি;
- ৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইআর/আইএমএল), জবি;
- ৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৫. পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
- ৪৬-৫৪. দপ্তর প্রধান, সকল দপ্তর, জবি
৫৫. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫৬. সহকারী পরিচালক (অডিট), (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫৭. নোটিশ বোর্ড, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৫৮. সংরক্ষণ নথি।


(জিয়াদুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার।